গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিরাই, সুনামগঞ্জ।
www.derai.sunamganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০২৯.০০০.০৮.০১৯.১৭-৫৩

তারিখ: ০৩ মাঘ ১৪৩০
১৭ জানুয়ারি ২০২৪

**সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর আলোকে অনূর্ধ্ব ২০ একর বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান বিজ্ঞপ্তি**

**বিজ্ঞপ্তি নম্বর-০১/১৪৩১**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্যজীবী সংগঠন/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী (যদি থাকে) সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২ নভেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী দিরাই উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত ইজারাযোগ্য অনুর্ধ্ব ২০ একর বদ্ধ জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে আবেদন আহবান করা যাচ্ছে। এ বিজ্ঞপ্তিতে প্রচারিত জলমহালের উপর কোন বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সে ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**সিডিউল ক্রয় ও দাখিল:** জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নোক্ত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সিডিউল ফরম ক্রয় করা যাবে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই এ অনলাইনে আবেদনের প্রিন্টেডকপিসহ সিডিউল ফরম দাখিল করতে হবে।

সময়সূচি

| অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেটেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই এ দাখিলের সময়সীমা |
|---|---|
| ২৩/০১/২০২৪ হতে ১৬/০২/ ২০২৪ পর্যন্ত | ১৮/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) |

দিরাই উপজেলা ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য

| ক্রঃনং | জলমহালের নাম | মৌজা ও জেএল নং | পরিমাণ (একরে) | বিগত ৩ বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | অন্ধেরজান বিল | জালিয়া, জেএলনং-১৪১ | ১.৮৪ | -- | ২০০০/- | |
| ২. | আহমদপুরের বিল | আহমদপুর /২১ | ৪.০৯ | ৩০০০/- | ৩১৫০/ | |
| ৩. | কবিরাজ বিল | সরমঙ্গল/৮১ | ৫.৫৩ | ------ | ৫০০০/- | |
| ৪. | কচমা বিল(মাটিয়াপুর) | মাটিয়াপুর /১০০ | ২.৬৯ | -- | ৩০০০/- | |
| ৫. | কুমার দাইর | মিটাপুর /১১৭,এখতিয়ারপুর/১১৮ | ৭.৪৪ | ------ | ৫০০০/- | |
| ৬. | কাজুয়ার খেও | ধলবাদে /১৩৫ | ৪.৬৬ | ১০০৮০/- | ১০৫৮৫/- | |
| ৭. | গরুখাইর ডহর | ধলবাদে /১৩৫ | ৩.৬৭ | ৬৭২০০/- | ৭০৫৬০/ | |
| ৮. | গচিয়ার খাল | গচিয়া / ৬০ | ৪.৩৩ | ৩২০০/- | ৩৩৬০/ | |
| ৯. | গোলার ডুবি | গচিয়া /৬০ | ৫.৮৯ | ------ | ৫০০০/- | |
| ১০. | হিমালিয়া ডুবি | গচিয়া /৬০ | ৩.৪০ | ------ | ৪০০০/- | |
| ১১. | চৌদ্দশ মহাল | শুকুরনগর /৮০ | ১০.২৬ | ৮৯৩/- | ৯৩৮/ | |
| ১২. | চাতল বিল | গরমা /১২০ | ০.৩৫ | ৮৭১৫/- | ৯১৫১/ | |
| ১৩. | হল্লারজান বিল | চান্দপুরাইয়া /১২২ | ২.৮৩ | ৯৯২/- | ১০৪২/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৪. | চাতল ও বোয়ালিয়া খারা | গলিশাইল-১৪৮ওছোট বাউশা-১৫০ | ৭.৩২ | ---- | ৭০০০/- | |
| ১৫. | ছায়হারা বিল | দৌলতপুর/১০৫ | ১.০৫ | ---- | ২০০০/- | |
| ১৬. | জুরী বিল | রামজীবনপুর/০৮ | ৩.০০ | ---- | ৩০০০/- | |
| ১৭. | হিলফের ডুবি | গচিয়া /৬০ | ০.৯২ | ------ | ২০০০/- | |
| ১৮. | সিলাইন বিল | মথুরাপুর /৬৩ | ৯.১৬ | ------ | ৫০০০/- | |
| ১৯. | টেটানিয়া বিল | রাজানগর /৪৮ | ০.৯৮ | ------- | ২০০০/- | |
| ২০. | টুনির বিল | স্বজনপুর /০৯ | ১৫.২২ | ------- | ৫০০০/- | |
| ২১. | নিকলী বিল | রামজীবনপুর/ ০৮ | ১৩.৯৮ | ১১৫৫/ | ১২১৩/ | |
| ২২. | হাদিভাঙার কুর ও খাল | হাতিয়া/ ১৪৩ | ১৬.৬৩ | ৩২০০/ | ৩৩৬০/ | |
| ২৩. | নাইন্দা বিল | স্বজনপুর /০৯ | ১৩.৯৮ | ------ | ৫০০০/- | |
| ২৪. | নাইন্দা বিল(মাটিয়াপুর) | মাটিয়াপুর/১০০ | ১.২৭ | ------ | ২০০০/- | |
| ২৫. | নাপতের গাতা | নুরপুর/১০৬ | ২.১২ | ২৮৩৬/- | ২৯৭৮/- | |
| ২৬. | নলুদাইর | হাতিয়া /১৪৩ | ১০.১৪ | ------ | ৫০০০/- | |
| ২৭. | পিয়াইন নদী ১ম অংশ | মথুরাপুর /৬৩ | ৩.৪৮ | ------ | ৩০০০/- | |
| ২৮. | পেরা বাউরী বিল | মাটিয়াপুর /১০০ | ০.৮৩ | ------ | ২০০০/- | |
| ২৯. | বগলারডুবি | গরমা/১২৩ | ০.৩৪ | ১২১২৮/ | ১২৭৩৪/- | |
| ৩০. | বরন ও জৈনকিয়া বিল | রায়বাঙালী/১১৬, আটপুরিয়া/১১৫ | ৭.৭০ | ৩৫৬৪২/ | ৩৭৪২৪/ | |
| ৩১. | বাগাইতা গ্রুপ | হাতিয়া /১৪৩ | ১০.৭৩ | ৩০০০/ | ৩১৫০/ | |
| ৩২. | বাইয়া বিল | গলিশাইল/১৪৮ | ১৯.১৮ | ------- | ৫০০০/- | |
| ৩৩. | বাদশার ডুবি | মেঘনা/৫৯ | ১.৩২ | ১১০২৫/ | ১১৫৭৬/- | |
| ৩৪. | বৌলিয়া বিল | রফিনগর /২৫ | ১৩.৩৮ | ------- | ৫০০০/- | |
| ৩৫. | হালুয়ার ডুবি ২য় অংশ | মেঘনা/৫৯ | ৫.৮৯ | ৪২৫৫/- | ৪৪৬৮/- | |
| ৩৬. | ভাটীপাড়ার কুড়ি | ভাটিপাড়া/ ১৭ | ১৩.৫৪ | ------- | ৫০০০/- | |
| ৩৭. | মাটিয়া বিল | রায়বাঙালী /১১৬ , আটপুরিয়া /১১৫ | ৭.৭০ | ----- | ৫০০০/- | |
| ৩৮. | রুপা বিল | ধলবাদে /১৩৫ | ১.০২ | ----- | ২০০০/- | |
| ৩৯. | লম্বা বিল | রামজীবনপুর /৭ | ১.৩৬ | ----- | ২০০০/- | |
| ৪০. | লেংটিয়ার জাওর | তেতৈয়া /১৪৩ | ০.৪৪ | ----- | ২০০০/- | |
| ৪১. | কলকলিয়ার খেও | ভরারগাঁও/৪৯ | ২.১৮ | ৪০৫৫/- | ৪৪৬৮/- | |
| ৪২. | কদমতলীর কারা | কদমতলী/৫৪ | ০.৫৫ | ১৩৩৯/- | ১৪৭৫/- | |
| ৪৩. | কছমা গুপ | পিতাম্বরপুর/১৩৮ | ৭.৭৯ | ১২১৪৪/- | ১৩৩৭৯/- | |
| ৪৪. | কালিভূই বিল | বড়কাপন/১২৫ | ৯.০২ | ১২৭৫২/- | ১৪০৪৯/- | |
| ৪৫. | কানাগজারিয়া ১ম অংশ | সতানন্দপুর/২৭ | ৮.২৫ | ৫৮৭৫/- | ৭৩০৪/- | |
| ৪৬. | কানাগজারিয়া ২য় অংশ | সতানন্দপুর/২৭ | ৩.৪৩ | ৩২৮৩/- | ৩৬১৭/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪৭. | গোলাপনগরের ডহর | সাকিতপুর/৭৫ | ৭.১৮ | ৩৯২৯১ | ৪৩২৮৪/- | |
| ৪৮. | চারুয়া বিল | সারংপাশা/১০৯ | ২.৬০ | ৭২৫৩/- | ৭৯৯১/- | |
| ৪৯. | সাতবিলা গ্রুপ | চানপুর/৯৯ | ৫.৫৩ | ১৮২৪৮/- | ২০১০২/- | |
| ৫০. | নয়াখাল | ভাঙ্গাডহর/৮৯ | ৩.৭৭ | ৫০০০/- | ৫২৫০/- | |
| ৫১. | নিমাই খাল বিল | করিমপুর/৯৮ | ৪.৯৪ | ৪৫৮৩/- | ৫০৬৩/- | |
| ৫২. | নাচনী গাং | নাচনী/১৪২ | ৮.৩৬ | ৯৫২৭/- | ১০০০৩/- | |
| ৫৩. | হিমালিয়া বিল | সরমঙ্গল/৮১ | ৩.৯০ | ৪০০৪/- | ৬৭৮৫/- | |
| ৫৪. | বেতইর নদীর আগার | শুকুরনগর/৮০ | ১৯.০৩ | ৩১৩৮৬/- | ৩২৯৫৫/- | |
| ৫৫. | শেখের বিল | সিদ্ধিয়ারচর/৪১ | ৮.১৭ | ৩০৫৪/- | ৩৩৬৪/- | |
| ৫৬. | শালিকার খাল ও মরিচা কান্দার দাইর | চক চিলাটং/১২০, টংগর/১১৯ | ৩.৫৩ | ৯৯০/- | ১০৯০/- | |

নিয়মাবলী ঃ

১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২। যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/ মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/ সিদ্ধান্তের অপেক্ষা অথবা কোন আদালতের স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা/ স্থিতিবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এ ছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরুপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.derai.sunamganj.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৪। জলমহালের দরপত্র দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েব পোর্টাল ও অত্র কার্যালয়ের নোটিশবোর্ড হতে জানা যাবে এবং দরপত্র ক্রয়ের সময় এ কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।

৫। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি ও প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলমুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ এ দাখিল করতে হবে। সীলগালা মুখবন্ধখামের উপরিভাগে " জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসাবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।

৮। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৯। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সাধারণ আবেদনের মাধ্যমে জলমহাল ইজারা প্রাপ্তির শর্তাবলী (অনূর্ধ্ব ২০ (বিশ) একর)

---

১। "সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯" এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না। আবেদনকারী সমিতিকে প্রার্থিত জলমহালের বিগত বছরের ইজারামূল্যের ৫% বর্ধিত হারে মূল্য উল্লেখপূর্বক আবেদন দাখিল করতে হবে।

৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী / তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৪। উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৫। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া সদস্য নেই তারাও আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

৬। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

৭। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অর্ন্তভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে অর্ডার জামানত হিসাবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লিজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লিজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লিজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে অর্ডার ফেরত প্রদান করা হবে।

৮। সময়মত লিজমানি পরিশোধ না করা , তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারণে কোন জলমহালের লিজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লিজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। লিজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তা উপজেলা নির্বাহী অফিসার উক্ত লিজ বাতিল করে দিবেন এবং জমাকৃত

লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ১ম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারাগ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখলনামা বুঝে নিবেন।

১১ পরবর্তী ২য় ও ৩য় বছরের ইজারামূল্য যথাক্রমে পূর্ববর্তী বছরের ৩০ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসঙ্গত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের সময় খামের উপর উপজেলাসহ জলমহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৩। এতদসঙ্গে বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালে বন্দোবস্ত ১৪৩১ হতে ১৪৩৩ বাংলা সনের জন্য প্রযোজ্য হবে।

১৪। ইজারামূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠন স্ব-উদ্যোগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালে দখল গ্রহণ করবেন। অন্যতায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা যাবে না কিংবা কোন কর্তৃপক্ষ বা কোন আদালতে মামলা মোকদ্দমা করতে পারবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালে দখল প্রদান করা যাবে না।

১৫। যে সকল জলমহালের উপর বিজ্ঞ আদালতে/ উর্দ্ধতন কর্তৃপক্ষের স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল জলমহালের জন্য এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। তবে উর্দ্ধতন কর্তৃপক্ষের অথবা বিজ্ঞ আদালতে সংশ্লিষ্ট জলমহালে মামলা মোকদ্দমা/স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার সাপেক্ষে/প্রত্যাহার হলে জলমহাল ইজারার ব্যবস্থা গ্রহণ করা যাবে। এক্ষেত্রে কোন সমিতি ইচ্ছা করলে আবেদনপত্র জমা দিতে পারবে এবং স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা প্রত্যাহার সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১৬। বছরে যে কোন সময়ের ইজারা প্রদান করা হউক না কেন উক্ত ইজারা ১ বৈশাখ ১৪৩১ বাংলা হতে কার্যকর হবে।

১৭। মামলাজনিত কারণে / উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশের কারন বা অন্য কোন আইনসঙ্গত কারনে জলমহালসমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন ওজুহাত গ্রহণযোগ্য হবে না অথবা জলমহালটি ভরাট হয়ে গিয়েছে, মাছের মড়ক ইত্যাদি কারণে ক্ষতিপূরণ চেয়ে জলমহাল ইজারা মেয়াদ বৃদ্ধি করার জন্য কোন কর্তৃপক্ষ কিংবা অন্যকোন আদালতে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না।

১৮। জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৯। আদালতে কোন মামলা / প্রাকৃতিক কারণে কোন ক্ষতিগ্রস্থতার ওজুহাতে ইজারামূল্য সমন্বয় কিংবা ইজারা মেয়াদ বৃদ্ধির কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

২০। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতিসাধন করা যাবে না। এরূপ করা হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

২১। বদ্ধ জলমহালসমূহ ০৩(তিন) বছর মেয়াদে বন্দোবস্ত দেওয়া হবে।

২২। লিজ গ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন। যাতে কেউ জলমহালে অনুপ্রবেশ/বে-আইনিভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

২৩। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন দাখিল না করে সরাসরি উজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২৪। জলমহালের কোন অংশে স্থায়ী /অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্যবিধি ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লজ্ঘিত হয়।

২৫। অনুমোদিত ইজারাগ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ/ নিষেধ বন্দোবস্তগ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণে প্রযোজ্য ক্ষেত্রে পাইল পদ্ধতি অনুসরণ করতে হবে।

২৬। ইজারাদারকে বিধিমতে ইজারামূল্যেও সাথে সরকার নির্ধারিত ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। ১ম বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারী নির্ধারিত ফরমে ৩০০/- টাকার মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় তাকে তিন কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

২৭। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশের/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজন্য হবে। এ ছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যে কোন আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৮। জলমহাল ইজারা গ্রহণ করার পর কোন সংগঠন/সমিতির জলমহাল ভরাট, আয়তনের হ্রাস বৃদ্ধি বা অন্য কোন অজুহাত উপস্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিন জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

২৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৭/০১/২০২৪

(মো: মাহমুদুর রহমান খোন্দকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দিরাই, সুনামগঞ্জ।
ফোন ঃ ০২-৯৯৬৬০৩১৮৩
ইমেইল-unoderai@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০২৯.০০০.০৮.০১৯.১৭-৫৩ (৭৫)

তারিখ : ০৩ মাঘ ১৪৩০ / ১৭ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে ঃ-

১.মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ -২
২.বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩.জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৪.পুলিশ সুপার, সুনামগঞ্জ
৫.জেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ
৬.জেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ
৭.চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
৮.উপজেলা নির্বাহী অফিসার, ------------------(সকল),সুনামগঞ্জ
১০.সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ
১১.মেয়র, দিরাই পৌরসভা, দিরাই ,সুনামগঞ্জ
১২.জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ, (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধসহ)
১৩.উপজেলা ------------------অফিসার, দিরাই, সুনামগঞ্জ
১৪.অফিসার ইন-চার্জ, দিরাই থানা, সুনামগঞ্জ
১৫.সাব রেজিস্টার, দিরাই, সুনামগঞ্জ
১৬.ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, দিরাই, সুনামগঞ্জ
১৭.পোস্ট মাস্টার, দিরাই পোস্ট অফিস, দিরাই, সুনামগঞ্জ
১৮.সম্পাদক ------------------------------ (উক্ত বিজ্ঞপ্তিটি তার দৈনিক পত্রিকার ভিতরের পাতায় সুতনিফন্টে কম্পোজ করে কেবলমাত্র একটি সংখ্যায় জরুরি ভিত্তিতে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিজ্ঞাপন বিল পরিশোধ করা হবে)।
১৯.চেয়ারম্যান ------------------ইউপি,দিরাই,সুনামগঞ্জ। (বিজ্ঞপ্তিটি গ্রাম পুলিশের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ)
২০.সভাপতি, প্রেস ক্লাব, দিরাই, সুনামগঞ্জ।
২১.ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ উপসহকারী কর্মকর্তা, সদর/ ধল/ পেরুয়া/ জগদল/ রাজানগর ইউনিয়ন ভূমি অফিস, দিরাই, সুনামগঞ্জ।(বিজ্ঞপ্তিটি স্থানীয় হাটবাজার/জনবহুল স্থানে ঢোল সহরতের মাধ্যমে / মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২২. জনাব ---------------------------------------সম্মানিত প্রতিনিধি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, দিরাই, সুনামগঞ্জ
২৩.অফিস নথি/মাস্টার ফাইল/নোটিশ বোর্ড।

১৭/০১/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ